| more ... than | more ... than |

**3.** একটি noun গণনাযোগ্য না অগণনাযোগ্য তা জানা খুব দরকার। তোমাকে অবশ্যই কিছু irregular count noun এর plural (বহুবচন) জানতে হবে। নিম্নে কিছু irregular count noun এর তালিকা দেওয়া হল :-

| | | |
|---|---|---|
| person-people | child-children | tooth-teeth |
| foot-feet | mouse-mice | man-men |
| woman-women | | |

**4.** নিচে কিছু non-count noun এর তালিকা দেওয়া হল :-

| | | | |
|---|---|---|---|
| sand | soap | physics | mathematics |
| news | mumps | air | politics |
| measles | information | meat | homework |
| food | economics | advertising * | money |

**Extra Note:** উপরের non-count noun গুলো ছাড়াও আরো কিছু গুরুত্বপূর্ণ non-count noun রয়েছে। যেমনঃ advice, motivation, wheat, furniture, hair, transportation, sunshine, weather, courage, childhood.

**Note:** যদিও advertising হচ্ছে non-count noun, তবে advertisement হচ্ছে count noun। যদি একটি নির্দিষ্ট advertisement এর কথা বলতে হয়, তাহলে অবশ্যই এই word টি (advertisement) ব্যবহার করতে হবে। যেমন :

- There are too many advertisements during television shows.
- There is too much advertising during television shows.

**4.a** কিছু non-count noun যেমন food, meat, money এবং sand এগুলো count noun হিসেবে ব্যবহার করা যাবে। তখন তা নির্দিষ্ট ধরন বা ভিন্ন অর্থে ব্যবহৃত হবে। যেমন :-

- This is one of the foods that my doctor has forbidden me to eat.

ব্যাখ্যাঃ এখানে নির্দিষ্ট ধরনের খাবারকে বুঝানো হয়েছে।

- He studies meats. অর্থ : সে মাংস জাতীয় বিষয়ে অধ্যয়ন করে।

ব্যাখ্যাঃ এখানে meat বলতে beef- গরুর মাংস, pork- শুকরের মাংস, lamb- মেষ/ভেড়ার মাংস ইত্যাদীকে বুঝানো হয়েছে।

**4.b** 'Time' শব্দটি countable বা non-countable উভয় হতে পারে। তবে তা নির্ভর করবে বিষয়বস্তুর উপর। Time বলতে যখন occasion বুঝাবে অথবা কোন কাজ কতবার হয়েছে এমন বুঝায়, তখন তা countable হিসেবে ব্যবহৃত হবে। যেমনঃ six times (ছয়বার), three times (তিন বার)। আর যখন Time বলতে কিছু ঘন্টা, দিন, বছর ইত্যাদী বুঝায় তখন non-countable হবে।

- We have spent too much time on this home work. (non-count)
- She has been late for class six times this semester. (count)

## Exercise 2 : Count and Non-count Nouns

নিচের তালিকা থেকে count noun এবং non-count noun গুলো বাছাই কর।

এখানে ব্যাখ্যা ছাড়াই পাঠকরা সহজে বুঝতে পারবে। তাই নতুন করে ব্যাখ্যা দেওয়া হয়নি। answer গুলো একসাথে দেওয়া হয়েছে।

| | | | |
|---|---|---|---|
| television (count) | atmosphere (non-count) | food (non-count) | cup (count) |
| car (count) | person (count) | tooth (count) | money (non-count) |
| news (non-count) | water (non-count) | soap (non-count) | hyydrogen (non-count) |
| geography (non-count) | pencil (count) | soap (non-count) | minute (count) |

## Exercise 3 : Determiners

নিচের sentence গুলো থেকে সঠিক determiner টি বাছাই কর।

1. He doesn't have ____(many / much) money.

> ব্যাখ্যা : এখানে "money" হচ্ছে uncountable noun। তাই শূন্যস্থানে many না হয়ে much হবে।

2. I would like ______ (a few / a little) salt on my vegetables.

> ব্যাখ্যা : এখানে "salt" (লবণ) হচ্ছে uncountable noun। তাই শূন্যস্থানে a little হবে।

3. Nipa bought ______(that / those ) cards last night.

> ব্যাখ্যা : এখানে "cards" হচ্ছে plural noun। তাই শূন্যস্থানে that না হয়ে those হবে।

4. There are ____(less / fewer) students in this room than in the next room.

> ব্যাখ্যা : students টি countable noun হওয়ায় শূন্যস্থানে fewer হবে।

5. There is ____(too much / too many) bad news on television tonight.

> ব্যাখ্যা : এখানে news টি uncountable noun হওয়ায় শূন্যস্থানে too much হবে।

6. I do not want ____(these / this) water.

> ব্যাখ্যা : uncountable noun কখনো plural হয় না। এখানে water হচ্ছে uncountable noun। তাই শূন্যস্থানে this হবে।

7. This is ____(too many / too much) information to learn.

> ব্যাখ্যা : এখানে information হচ্ছে uncountable noun। তাই শূন্যস্থানে too much হবে।

8. A______ (few / little) people left early.

> ব্যাখ্যা : people; countable noun হওয়ায় শূন্যস্থানে little না হয়ে few হবে।

9. Would you like ______ (less / fewer) coffee than this?

> ব্যাখ্যা : little-less-least (degree)।এখানে coffee হচ্ছে uncountable noun। তাই শূন্যস্থানে degree হিসেবে less হবে।

10. This jacket costs ______ (too much / too many).

> ব্যাখ্যাঃ এখানে money বা মূল্যটা উহ্য। আর money যেহেতু uncountable noun। তাই শূন্যস্থানে too much হবে।

**Answer :**

| | | | |
|---|---|---|---|
| 1. much | 4. fewer | 7. too much | 10. too much |
| 2. a little | 5. too much | 8. few | |
| 3. those | 6. this | 9. less | |

# A And AN

**1.** A বা An শুধুমাত্র singular countable noun এর পূর্বে বসে। এবং তারা "এক" বা "একটি" অর্থ প্রদান করে। A বা An সাধারণ অর্থে ব্যবহৃত হয় অথবা আগে উলেখ করা হয় নাই এমন কোন বিষয় বুঝাতে ব্যবহার করা যেতে পারে। যেমন:-

- A baseball is round. (সাধারণ অর্থে সকল baseball কে বোঝানো হয়েছে।)
- I saw a boy in the street. (কোন বালককে বুঝানো হচ্ছে তা আমরা জানি না)

কোন word যদি vowel sound দিয়ে শুরু হয় তখন সেই শব্দের আগে an বসে। আবার, কোন word যদি consonant sound দিয়ে শুরু হয় তখন সেই শব্দের পূর্বে a বসে। যেমন :

• a book • an apple

কোন কোন শব্দের উচ্চারণ বানান অনুসারে হয় না। তাই a বা an ব্যবহারের ক্ষেত্রে সন্দেহ (confusing) সৃষ্টি করে।

- a house (begins with a consonant sound)
- an hour (begins with a vowel sound)
- a university (begins with a consonant sound)
- an umbrella (begins with a vowel sound)

**2.a** নিচের শব্দগুলোর উচ্চারণ consonant sound দিয়ে শুরু হয়। তাই এদের পূর্বে সবসময় a বসে।

| | | | |
|---|---|---|---|
| European | eulogy | euphemism | eucalyptus |
| house | home | heavy | half |
| uniform | university | universal | union |

• a European • a university

**2.a** নিচের শব্দগুলোর উচ্চারণ vowel sound দিয়ে শুরু হয়। তাই এদের পূর্বে সবসময় an বসে।

| | | | |
|---|---|---|---|
| hour | heir | herbal | honor |
| uncle | umbrella | unnatural | understanding |

**3** A বা An এর ঠিক পরে যে word থাকে সেই word-ই নির্ধারণ করবে a হবে নাকি an হবে।

• an umbrella • a white umbrella
• an hour • a whole hour

# THE

**1.** যে বিষয় সম্পর্কে আমরা ইতিমধ্যে জানি অথবা যা সবার কাছে পরিচিত এমন কিছু বুঝানোর জন্য the ব্যবহৃত হয়। (নির্দিষ্ট)

- The English teacher in class is Saidur Rahman.

ব্যাখ্যা: এখানে যে টিচারের কথা বলা হয়েছে তা বক্তা এবং শ্রোতা জানে (নির্দিষ্ট)।

- The earth is round.

ব্যাখ্যা: এখানে একটি মাত্র পৃথিবীকে বুঝানো হয়েছে।

**1.a** Non-count noun এর ক্ষেত্রে, যদি নির্দিষ্ট অর্থে কোন কিছু বলা হয় তখন the ব্যবহৃত হয়। কিন্তু সাধারণ অর্থে কিছু বলা হলে তখন the ব্যবহৃত হয় না।

- Sugar is sweet.

সাধারণ অর্থে : সকল Sugar কে বুঝানো হয়েছে।

- The Sugar on the table is from Cuba.

নির্দিষ্ট অর্থে: এখানে কেবল নির্দিষ্ট টেবিলের উপরের Sugar কেই বুঝানো হয়েছে।

**1.b** সাধারণত plural count noun যদি একটি নির্দিষ্ট শ্রেণির মধ্যে সবকিছুকে বুঝায় তখন তাদের আগে the বসে না।

- Oranges are green until they ripen. (all oranges)
- Athletes should follow a well-balanced diet. (all athlets)

**2.** সাধারণত proper noun এর আগে কোন article বসে না। যদি একই নামে কিছু ব্যক্তি বা বস্তু থাকে আর বক্তা তাদের একজনকে নির্দিষ্ট করে থাকে তখন the ব্যবহৃত হবে।

- There are three Susan Parkers in the telephone directory.
- The Susan Parker that I know lives on First Avenue.

ব্যাখ্যা : এখানে the দিয়ে যে First Avenue তে বাস করে সেই Susan Parker কে নির্দিষ্ট করা হয়েছে।

**3.** Breakfast, lunch, dinner, school, church, home, college ও work এই word গুলোর সাথে কোন article বসে না।

- We ate breakfast at eight o'clock this morning.
- We went to school yesterday.

❖ **"the"** article ব্যবহারের নিয়ম জানার সুবিধার্থে নিচে একটি তালিকা দেয়া হলঃ-

| USE THE WITH | DON'T USE THE WITH |
|---|---|
| **oceans-(মহাসাগর), rivers, seas-(সাগর), gulfs-(উপসাগর), plural lakes -(বহুবচন জাতীয় লেক)**<br>the Red Sea, the Atlantic Ocean, the Persian Gulf, the Great Lakes | **Singular lakes-(একবচন লেক):**<br>Lake Geneva, Lake Eric |

| | |
|---|---|
| **Mountains-(পর্বতমালা),**<br>The Rocky Mountains, the Andes | **Mounts-(পাহাড়/পর্বত):**<br>Mount Vesuvius, Mount McKinley |
| **earth, moon**<br>the earth, the moon | **planets-(গ্রহ): constellations-(নক্ষত্রপুঞ্জ):**<br>Venus, Mars, Earth, Orion |
| **schools, colleges, universites:**<br>কোন **schools, colleges** বা **university** যদি **phrase** দিয়ে শুরু হয়:<br>the University of Florida, the College of Arts and Sciences | **schools, colleges, universities:**<br>কোন **schools, colleges** বা **university** এর সাথে যদি কোন **proper noun** দিয়ে **phrase** শুরু হয়:<br>Santa Fe Community College, Cooper's Art School, Stetson University |
| **ordinal numbers before nouns:**<br>**noun** এর পূর্বে ক্রমিক সংখ্যা থাকলে–<br>the First World War, the third chapter. | **Cardinal numbers after nouns:**<br>**noun** এর পরে অঙ্কবাচক সংখ্যা থাকলে–<br>World War One, chapter three. |
| **Wars-** যে কোন যুদ্ধ **(world wars** ব্যতীত) **:**<br>the Crimean War, the Korean War | |
| নির্দিষ্ট কিছু **country** বা **group of countries** যা একের অধিক **word** বা শব্দ দিয়ে গঠিত: **(Great Britain** ব্যতীত)<br>the United States, the UInited Kingdom, the Central African Republic. | **New / an adjective + country:**<br>New Zealand, South Africa, North Korea<br>এক **word/**শব্দ বিশিষ্ট **country:**<br>France, Sweden, Venezuela<br>**continents-** মহাদেশ:<br>Europe, Africa, South America<br>**states-** রাজ্য **:**<br>Florida, Ohio, California |
| **historical documents-** ঐতিহাসিক দলিল<br>the Constitution, the Magna Carta | |
| **ethnic groups-** জাতিগত গোষ্ঠী<br>the indians, the Aztecs | |
| | **sports-** খেলাধুলা<br>baseball, basketball |
| | **abstract nouns-** বস্তুবাচক নাম বা গুণবাচক বিশেষ্য<br>freedom, happiness |

| | |
|---|---|
| | **general areas of subject matter:** mathematics sociology |
| | **holidays**- ছুটির দিন Christmas, Thanksgiving |

## Exercise ④: Articles

In the following sentences supply the articles (a, an, or the) if they are necessary. If no article is necessary, leave the space blank.

1. Jason's father bought him ____ bicycle that he had wanted for his birthday.

ব্যাখ্যা : এখানে নির্দিষ্ট (specific) করে বুঝানো হয়েছে তাই শূন্যস্থানে the হবে।

2. ____ Statue of Liberty was a gift of friendship from ____ France to ____ United States.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: যদিও Proper noun এর পূর্বে "the" বসে না। সাধারণত "the + noun + of" এ ধরনের phrase গঠিত হয়। এক্ষেত্রে নির্দিষ্ট বুঝাতে noun এর পূর্বে অবশ্যই "the" আসবে। দ্বিতীয় শূন্যস্থান : এক word বিশিষ্ট দেশের নামের পূর্বে the বসে না। তৃতীয় শূন্যস্থান : দুই বা ততোধিক word বিশিষ্ট দেশের নামের পূর্বে the বসে। তবে শুধুমাত্র ব্যতিক্রম হচ্ছে- Great Britain।

3. J.Nayeem Nusrat is studying____law and____English this semester.

ব্যাখ্যা : নির্দিষ্ট কোন subject এর পূর্বে "the" বসে না।

4. ___ judge asked ____ witness to tell ___ truth.

ব্যাখ্যা : নির্দিষ্ট করে বুঝাতে সাধারণত কোন noun এর পূর্বে "the" হবে।

5. Please give me ____ cup of ____ coffee with ____ cream and ____ sugar.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: অনির্দিষ্ট বুঝানো হয়েছে। তাই 'the' না হয়ে 'a' হবে। বাকি তিনটি শূন্যস্থানে: অনির্দিষ্ট বুঝালে বা সাধারণ অর্থে all (সব) বুঝালে uncountable noun এর পূর্বে the বসে না। এখানে অনির্দিষ্ট বুঝানো হয়েছে তাই শূন্যস্থানে 'the' বসেনি।

6. ___ big books on ____ table are for my history class.

ব্যাখ্যা : এখানে নির্দিষ্ট করে বুঝানো হয়েছে, তাই উভয়ক্ষেত্রে the হয়েছে।

7. No one in ___ Spanish class knew ___ correct answer to ___ Mrs. Perez's question.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: সাধারণত ভাষার পূর্বে কোন Article বসে না। এখানে Spanish বলতে ভাষা বুঝানো হয়েছে। দ্বিতীয় শূন্যস্থান : নির্দিষ্ট করে বুঝানো হয়েছে তাই 'the' হয়েছে। তৃতীয় শূন্যস্থান : proper noun এর পূর্বে 'the' বসে না।

**8.** My _____ car is four years old, and it still runs well.

ব্যাখ্যা : এখানে "my car" (আমার কার)টি possessive case বা সম্বন্ধসূচক হয়েছে। তাই উভয়ের মাঝখানে কোন Article বসবে না।

**9.** When you go to _____ store, please buy _____ bottle of ___ chocolate milk and ___ dozen oranges.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: নির্দিষ্টভাবে বুঝানো হয়েছে তাই "the" হয়েছে। দ্বিতীয় শূন্যস্থান : ".....noun of" এর ক্ষেত্রে noun এর পূর্বে নির্দিষ্ট অর্থে the বসে। তৃতীয় শূন্যস্থান : Chocolate milk টি uncountable noun হওয়ায় তার পূর্বে কোন Article বসবে না। চতুর্থ শূন্যস্থান : dozen, half ইত্যাদীর পূর্বে "এক" বুঝাতে বা অনির্দিষ্ট অর্থে 'a' বসে।

**10.** There are only ____ few seats left for ____ tonight's musical at ____ university.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: some বা কিছু সংখ্যক অর্থে "a few" বসে। দ্বিতীয় শূন্যস্থান : অর্থের বিবেচনায় এখানে কোন article বসবে না। তৃতীয় শূন্যস্থান : নির্দিষ্ট অর্থে "university" এর পূর্বে the হয়েছে।

**11.** John and Marcy went to _____ school yesterday and then studied in ____ library before returning home.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: সাধারণত কোন school, college, home ইত্যাদীর পূর্বে article বসে না। দ্বিতীয় শূন্যস্থান : নির্দিষ্ট করে বুঝানো হয়েছে তাই the হয়েছে।

**12.** ____ Lake Erie is one of _____ five Great Lakes in _____ North America.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: Proper noun এর পূর্বে কোন Article বসে না।
দ্বিতীয় শূন্যস্থান : "one of.... " এক্ষেত্রে of এর পরে সবসময় 'the' বসে।
তৃতীয় শূন্যস্থান : South/North America, Africa ইত্যাদী মহাদেশের পুর্বে কোন Article বসে না।

**13.** On our trip to ______ Spain, we crossed ______ Atlantic Ocean.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: Spain দেশের নাম, তাই পূর্বে কোন Article বসবে না।
দ্বিতীয় শূন্যস্থান : Atlantic Ocean হচ্ছে একটি মহাসাগর, তাই পূর্বে 'the' বসবে।

**14.** _____ Mount Rushmore is the site of ___ maginificent tribute to ___ four great American presidents.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: পর্বতের (mount) পূর্বে 'the' বসে না।
দ্বিতীয় শূন্যস্থান: "the + noun + of ....." এক্ষেত্রে শূন্যস্থানে অবশ্যই 'the' বসে।
তৃতীয় শূন্যস্থান: আর four যেহেতু নির্দিষ্ট তাই তার পূর্বে কোন Article বসে না।

**15.** What did you eat for ______ breakfast this morning?

ব্যাখ্যা : breakfast, lunch, dinner ইত্যাদীর পূর্বে কোন Article বসে না।

**16.** Louie played ____ basketball and ____ baseballl at ____ Boys' Club this year.

ব্যাখ্যা : প্রথম এবং দ্বিতীয় শূন্যস্থান: এখানে basketball এবং baseball হচ্ছে games বা খেলার নাম। তাই তাদের পূর্বে কোন Article বসবে না।
তৃতীয় শূন্যস্থান : Boys Club এর পূর্বে নির্দিষ্ট অর্থে the হয়েছে।

**17.** Rita plays ____ violin and her sister plays ____ guitar.

ব্যাখ্যা : "violin" (বীণা) এবং "guitar" হচ্ছে বাদ্যযন্ত্র বিশেষ। তাই এদের পূর্বে সাধারণত কোন Article হয় না। তবে the ও আসতে পারে।

**18.** While we were in ____ Alaska, we saw ____ Eskimo village.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: Alaska হচ্ছে আমেরিকার একটি প্রদেশ। প্রদেশ বা রাজ্যের পূর্বে কোন Article বসে না।
দ্বিতীয় শূন্যস্থান: অনির্দিষ্ট বা একটি অর্থে a/an বসে নিয়মানুযায়ী।

**19.** Phil can't go to ____ movies tonight because he has to write ___ essay.

ব্যাখ্যা : নির্দিষ্ট অর্থে movie এর পূর্বে 'the' হয়েছে। শব্দের শুরুতে vowel হওয়ায় essay এর পূর্বে an হয়েছে।

**20.** David attended ____ Princeton University.

ব্যাখ্যা : এখানে Princeton হচ্ছে proper noun। আর proper noun দিয়ে কোন university, school, college ইত্যাদীর নাম শুরু হলে তাদের পূর্বে 'the' বসে না।

**21.** Harry has been admitted to ____ School of Medicine at ____ midwestern university.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: যখন কোন phrase – school, college বা university দিয়ে শুরু হয় তখন তাদের পূর্বে 'the' বসে। আর সাধারণত "the + noun + of" এটাও একটা কমন phrase। দ্বিতীয় শূন্যস্থান: অনির্দিষ্ট অর্থে Article (a) বসেছে।

**22.** Mel's grandmother is in ___ hospital, so we went to visit her ___ last night.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: নির্দিষ্ট অর্থে hospital এর পূর্বে 'the' বসেছে।
দ্বিতীয় শূন্যস্থান: last day/night এর পূর্বে কোন Article বসে না।

**23.** ____ political science class is taking ____ trip to ____ United Arab Emirates in ____ spring.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: অনির্দিষ্ট কোন noun বাক্যের শুরুতে Article বিহীন আসে না। তাই sentence এর শুরুতে উক্ত noun এর পূর্বে A/an বা the ব্যবহৃত হয়। এখানে (p) যেহেতু consonant, তাই an ব্যবহৃত হবে না। দ্বিতীয় শূন্যস্থান: অনির্দিষ্ট এবং একটি অর্থে trip এর পূর্বে 'a' হয়েছে। তৃতীয় শূন্যস্থানে: একের অধিক word বিশিষ্ট দেশের নামের পূর্বে 'the' বসে। চতুর্থ শূন্যস্থান: ঋতুর নামের পূর্বে 'the' বসে।

24. ____ Queen Elizabeth II is ____ monarch of ____ Great Britain.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থানঃ Proper noun এর পূর্বে Article বসে না। দ্বিতীয় শূন্যস্থানেঃ the হবে কিন্তু তৃতীয় শূন্যস্থানে : the হবে না। [বিস্তারিত ২ নং ও ১৪ নং ব্যাখ্যা দ্রষ্টব্য।]

25. _____ Declaration of Independence was drawn up in 1776.

ব্যাখ্যা : শূন্যস্থানে the হবে। [বিস্তারিত ২ নং ব্যাখ্যা দ্রষ্টব্য।]

26. Scientists sent ____ expedition to ____ Mars during ___ 1990s.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থানঃ singular count noun এর পূর্বে সাধারণত a/an বসে। expedition এর শুরুতে vowel হওয়ায় পূর্বে an হবে। দ্বিতীয় শূন্যস্থানঃ Mars হচ্ছে গ্রহের নাম। তাই তার পূর্বে কোন Article হবে না। তৃতীয় শূন্যস্থানঃ এখানে সালের পূর্বে নির্দিষ্ট অর্থে 'the' হয়েছে।

27. Last night there was ____ bird singing outside my house.

ব্যাখ্যা : এখানে "bird" হচ্ছে singular count noun। তাই পূর্বে 'a' হবে। [আরো দেখতে 26 এর (2) নং ব্যাখ্যা দ্রষ্টব্য]|

28. ____ chair that you are sitting in his broken.

ব্যাখ্যা : এখানে নির্দিষ্ট অর্থে chair এর পূর্বে 'the' হয়েছে।

29. ____ Civil War was fought in ____ United States between 1861 and 1865.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থানঃ world war ব্যতীত সব war এর পূর্বে 'the' হবে।
দ্বিতীয় শূন্যস্থানঃ একের অধিক word বিশিষ্ট দেশের নামের পূর্বে 'the' বসে।

30. _____ Florida State University is smaller than ____ University of Florida.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থানঃ 'the' হবে না। [বিস্তারিত ২০ নং ব্যাখ্যা দ্রষ্টব্য]।
দ্বিতীয় শূন্যস্থানঃ the University of Florida হবে। [ বিস্তারিত ২১ নং ব্যাখ্যা দ্রষ্টব্য।]

**Answer : [এখানে θ দিয়ে কিছুই হবে না নির্দেশ করছে।]**

1. the
2. The, θ, the
3. θ, θ
4. The, the, the
5. a, θ, θ, θ
6. The, the
7. the or θ, the, θ,
8. θ
9. the, a, θ, a
10. a, θ, the
11. θ, the
12. θ, the, θ
13. θ, the
14. θ, a, or the, θ
15. θ,
16. θ, θ, the
17. the or θ, the or θ
18. θ, an
19. the, an
20. θ
21. the, a
22. the, θ
23. The or A, a, the, the
24. θ, the, θ
25. The
26. an, θ, the
27. a
28. The
29. The, the
30. θ, the

# OTHER

Other শব্দটি প্রায়শ বিদেশী ছাত্রদের Confusion সৃষ্টি করে। নিচের ফর্মূলাগুলো অধ্যয়ন কর।

| WITH COUNT NOUNS | WITH NON-COUNT NOUNS |
|---|---|
| **1. an + other (another) + singular noun (one more-অন্য আরেকটি বুঝাতে)** another pencil = one more pencil | |
| **2. the other + singular noun (last of the set- সেট এর অবশিষ্টটা বুঝাতে)** the other pencil = the last pencil persent | |
| **3. other+plural noun (more of the set- সেটের অন্যান্যগুলো বুঝাতে)** other pencils = some more pencils | **5. other + non-count nouns (more of the set- অবশিষ্ট সবগুলো বুঝাতে)** other water = some more water |
| **4. the other+plurual noun (the rest of the set - সেটের অবশিষ্টগুলো বুঝাতে)** the other pencils = all remaining pencils | **6. the other + non-count noun (all the rest)** the other water = the remaining water |

7. **Note:** Another ও other হচ্ছে অনির্দিষ্ট এবং The other হচ্ছে নির্দিষ্ট।

Subject যদি উহ্য হয়, তাহলে noun কে বাদ দেওয়া এবং determiner কে রাখা যাবে, যাতে "other" pronun হিসেবে কাজ করে। আর বাদ দেওয়া noun টি যদি plural countable noun হয়, তাহলে "other" পরবর্তিত হয়ে "others" হবে। Singular noun এর পূর্বে "other" কখনো plural হবে না।

**a.** I don't want this book. Please give me another.
(another = any other book - not specific)

**b.** I don't want this book. Please give me the other.
( the other = the other book - specific)

**c.** This chemical is poisonous. Others are poisonous too.
(others = other chemicals - not specific)

**d.** I don't want these books. Please give me the others.
(the others = the other books - specific)

8. **Note: Another + one + ones** যোগে আরো কিছু উদাহরণ দেওয়া হল :-

- I do'nt want this book. Please give me another one.
- I don't want this book. Please give me the other one.
- This chemical is poisonous. Other ones are poisonous too.
- I don't want these books. Please give me the other ones.

## Exercise 5 : Other

Fill in the blanks with the appropriate form of other.

1. This pen isn't working. Please give me ______ (singular)

> ব্যাখ্যা : sentence এর শেষে singular noun নির্দেশ করছে, তাই another বা the other হবে। (১নং এবং ২নং rule দ্রষ্টব্য)

2. If you're still thirsty. I'll make _____ pot of coffiee.

> ব্যাখ্যা : এখানে 'pot' singular noun হওয়ায় তার পূর্বে another হবে। (১নং rule দ্রষ্টব্য)।

3. The dictionary has a page missing. Please give me ______ (the last one)

> ব্যাখ্যা : এখানে last বা অবশিষ্ট dictionary টা নির্দেশ করছে। তাই 'the other' হবে। (২নং rule দ্রষ্টব্য)।

4. He does not need those books. He needs ______ (all the remaining)

> ব্যাখ্যা : এখানে অবশিষ্ট সকল book নির্দেশ করতেছে তাই 'the others' হবে। (7 নং rule এবং 7(d) দ্রষ্টব্য)।

5. There are thirty people in the room. Twenty are from Latin America and _____ are from ____ countries.

> ব্যাখ্যা : প্রথম শূন্যস্থানঃ এখানে অবশিষ্ট plural noun নির্দেশ করছে তাই 'the others' হবে। দ্বিতীয় শূন্যস্থানে countries হচ্ছে plural noun, তাই "other" হবে। (7.d এবং 3নং rule দ্রষ্টব্য)।

6. Six people were in the store. Two were buying meat ________ was looking at magazines. _______ was eating a candy bar. _______ were walking around looking for more food. (notice the verbs)

> ব্যাখ্যা : প্রথম এবং দ্বিতীয় শূন্যস্থানের verb টি singular হওয়ায় শূন্যস্থানে singular noun নির্দেশ করছে, তাই "another" হবে। (১নং rule দ্রষ্টব্য)। তৃতীয় শূন্যস্থানের পর verb plural হওয়ায় শূন্যস্থানে 'the others' হবে। (4নং rule দ্রষ্টব্য।) the others = the other people.

7. This glass of milk is sour. ________ glass of milk is sour too.

> ব্যাখ্যা : অবশিষ্ট glass বুঝাতে 'the other' হবে। (2নং rule দ্রষ্টব্য)।

8. The army was practicing its drills. One group was doing artillery practice. _____ was marching; _____ was at attention; and _______ was practicing combat tactics.

> ব্যাখ্যা : প্রথম ও দ্বিতীয় শূন্যস্থানে "another" হবে। (6নং ব্যাখ্যা দ্রষ্টব্য)। আর তৃতীয় শূন্যস্থানের পর verb টি singular হওয়ায় 'the other' বা "another" হবে। (১নং এবং ২নং rules দ্রষ্টব্য)।

**9.** There are seven students from Japan. _____ are from Iran, and _____ are from _____ places.

ব্যাখ্যা : প্রথম শূন্যস্থান: কয়েকজন বা কিছু অংশ বুঝাতে "others" ব্যবহৃত হয়। (3 নং rule দ্রষ্টব্য)। দ্বিতীয় শূন্যস্থান: অবশিষ্ট student বুঝাতে 'the others' ব্যবহৃত হবে। (4 নং rule দ্রষ্টব্য)। তৃতীয় শূন্যস্থানের পরে places টি plural noun হওয়ায়, পূর্বে other বসবে। (3 নং rule দ্রষ্টব্য)।

**10.** We looked at four cars today. The first two were far too expensive, but _____ ones were reasonably priced.

ব্যাখ্যা : চারটি car এর অবশিষ্ট দুইটা car বুঝাতে 'the other' হবে। (4 নং rule দ্রষ্টব্য)।

**Answer :**

1. another or the other or another one or the other one
2. another
3. the other
4. the others
5. the others, other
6. Another, Another, The others
7. The other
8. Another, another, another or the other
9. Others, the others, other
10. the other

**Note:** Pronoun হিসেবে demonstrative article- this, that, these, those ব্যবহার করা যাবে। যেমন: this one বা that one বলা সঠিক হবে। তবে this ones বা those ones বলা ভুল হবে। কিন্তু ones যোগ না করে সাধারণভাবে these বা those, pronoun হিসেবে ব্যবহার হয়।

- This elevator is broken. That one is also broken. (that one = that elevator)
- These glasses are dirty. Those are dirty also. (those = those glasses)

## 5 THE VERB PHRASE

3 নং topic-এ বর্ণনা অনুযায়ী "main verb" এবং যে কোন auxiliary নিয়ে verb phrase গঠিত হয়।

## TENSES AND ASPECTS

Present এবং Past tense এর সংজ্ঞা আমাদের সবারই জানা আছে। তাই নতুন করে সংজ্ঞা দেওয়া হয়নি। Underline দেওয়া Example গুলো খেয়াল করলে সংজ্ঞা সম্পর্কে ভাল ধারণা পাওয়া যাবে।

| | |
|---|---|
| **simple present** | - He walks to school everyday. |
| **simple past** | - He walked to school yesterday. |
| **present continuous** | - He is walking to school now. |
| **past continuous** | - He was walking to school when he saw Jane. |
| **present perfect** | - He has walked to school several times. |
| **past perfect** | - He had walked to school before he hurt his foot. |

নিচে কিছু Common irregular verb এর তালিকা দেওয়া হল। একটি verb, regular নাকি irregular সেটা জানা খুবই গুরুত্বপূর্ণ। Past tense এবং past participle এ regular verb গুলো একই হয়। তবে এক্ষেত্রে irregular verb গুলো প্রায়ই অনেক ভিন্ন হয়।

| SIMPLE PRESENT TENSE | SIMPLE PAST TENSE | PAST PARTICIPLE | PRESENT PARTICIPLE |
|---|---|---|---|
| beat (প্রহার করা) | beat | beaten | beating |
| begin (আরম্ভ করা) | began | begun | beginning |
| bind (বাঁধাই করা; একত্র করা) | bound | bound | binding |
| bite (কামড়ানো; দংশন করা) | bit | bitten | biting |
| blow (প্রবাহিত হওয়া; বাতাসে উড়ে যাওয়া) | blew | blown | blowin |
| break (ভাঙ্গা) | broke | broken | breaking |
| bring (আনা; নিয়ে আসা) | brought | brought | bringing |
| build (নির্মাণ করা) | built | built | building |
| buy (কেনা) | bought | bought | buying |
| catch (ধরা) | caught | caught | catching |
| choose (পছন্দ করা) | chose | chosen | choosing |
| do (করা) | did | done | doing |
| drink (পান করা) | drank | drunk | drinking |
| drive (চালানো) | drove | driven | driving |
| eat (খাওয়া) | ate | eaten | eating |
| fall (পড়া; নিমজ্জিত হওয়া) | fell | fallen | falling |
| feel (অনুভব করা) | felt | felt | feeling |
| find (দেখতে পাওয়া; খুঁজে পাওয়া) | found | found | finding |
| fly (উড়া) | flew | flown | flying |
| forget (ভুলে যাওয়া) | forgot | forgotten | forgetting |